তারিখ ২৪।১০।২০০০
পৃষ্ঠা ৭৩ কলাম ৬

২৯৪

দৈনিক ইত্তেফাক

# নকলের দায়ে অভিযুক্ত সকল কেন্দ্রেই ডিগ্রী পরীক্ষা হইবে

ইত্তেফাক রিপোর্ট ॥ নকলের দায়ে অভিযুক্ত সকল পরীক্ষা কেন্দ্রেই এইবার ডিগ্রী পরীক্ষা অনুষ্ঠিত হইবে। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকাল সোমবার রাতে এক প্রেস বিজ্ঞপ্তিতে জানাইয়াছে, দেশের কোন কোন কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা ও আসন সংখ্যার মধ্যে গরমিল দেখা যাইতেছে। খুলনা বিভাগের সকল জেলার পরীক্ষার্থীদের জেলা সদরে পরীক্ষা নেওয়ার ব্যবস্থা করা হইয়াছে। তাহার ফলে সংশ্লিষ্ট এলাকার সকল শিক্ষা প্রতিষ্ঠানের পরীক্ষার আসন বিন্যাস ব্যবস্থায় জটিলতা দেখা দিয়াছে। উদ্ভূত পরিস্থিতিতে সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে যে, ১৯৯৯ সালের ডিগ্রী পাস পরীক্ষার জন্য নির্ধারিত দেশের সকল পরীক্ষা কেন্দ্র চলতি ২০০০ সালের ডিগ্রী পাস পরীক্ষার জন্যও বহাল থাকিবে। উল্লেখ্য, ১৯৯৯ সালের ডিগ্রী পরীক্ষায় নকলের দায়ে দেশের ৬৪টি পরীক্ষা কেন্দ্রের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হইয়াছিল। বিশ্ববিদ্যালয়ের গতকালের সিদ্ধান্ত অনুযায়ী এইসব কেন্দ্রে গত বৎসরের মতই পরীক্ষা অনুষ্ঠিত হইবে।